



ইনোভেশন টিম
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল সুচারুরূপে সম্পাদনের নিমিত্তে গঠিত ইনোভেশন টিমসহ অন্যান্য কমিটি থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী অত্র বিশ্ববিদ্যালয়ের দাপ্তরিক কর্মকান্ডসমূহকে ডিজিটলাইজেশনের আওতায় আনতে পারলে কাজের গতি বৃদ্ধি পাবে। উপরন্তু সেবাগ্রহীতাদের দ্রুত সেবা প্রদান করা নিশ্চিত হবে যার ফলে অত্র বিশ্ববিদ্যালয় পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর জন্য একটি রোল মডেলে পরিণত হতে পারে। শুধুমাত্র দাপ্তরিক সেবাসমূহের ডিজিটলাইজেশন/অটোমেশন বাস্তবায়নের জন্য ইনোভেটিভ আইডিয়া প্রদান এবং বাস্তবায়নের জন্য পূর্ণ রূপরেখা (সংশ্লিষ্ট ছবি/ভিডিও ইত্যাদি সহ) প্রদানের জন্য প্রস্তাব আহ্বান করা হলো। উক্ত প্রস্তাব জমা প্রদানের শেষ তারিখ আগামী ২০ জুন, ২০২৩ ইং।

অত্র বিশ্ববিদ্যালয়ের চলমান যেকোন দাপ্তরিক সেবাসমূহকে সহজীকরণের জন্য ইনোভেটিভ আইডিয়া রূপরেখাসহ ১০ মেগা বাইটের একটি জিপ ফাইল আপলোড করে <http://utls.kuet.ac.bd/innovate> লিংকের মাধ্যমে সাবমিট করতে হবে। কোনভাবেই উক্ত সময় বর্ধিত করা সম্ভব হবে না।

A G ৮/৬/২০২৩

(প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম)

মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ

ও

আহবায়ক, ইনোভেশন টিম

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইন্সটিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। চেয়ারম্যান, যানবাহন কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। সহকারী পরিচালক, জনসংযোগ ও তথ্য শাখা, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়(ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)।
- ১১। সেকশন অফিসার (গ্রেড-২), প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, অত্র বিশ্ববিদ্যালয় (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)।
- ১২। সকল নোটিশ বোর্ড।
- ১৩। সংরক্ষণ নথি।

R Das
৮/৬/২০২৩

(প্রকৌশলী প্রদীপ কুমার দাস)

সিস্টেম এনালিস্ট

ও

সদস্য-সচিব, ইনোভেশন টিম

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়